

# আমাদের মমু

## অনার্স-মাস্টার্সের শিক্ষকদের আমরণ অনশনের ভূমিকা

নিজস্ব প্রতিবেদক

১২ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১২ জানুয়ারি ২০২১ ০০:২২

# আমাদের মমু

দেশের ৩১৫টি বেসরকারি কলেজে অনার্স-মাস্টার্স স্তর উঠিয়ে দেওয়ার ঘোষণার প্রতিবাদে এই স্তরের নিয়োগপ্রাপ্ত শিক্ষকরা আমরণ অনশনের ভূমিকা দিয়েছেন। গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে ‘বাংলাদেশ নিগৃহীত অনার্স-মাস্টার্স শিক্ষক পরিষদ’ ব্যানারে শিক্ষকরা মানববন্ধন কর্মসূচি পালন করেন। এ সময় শিক্ষক?দের সংগঠনের উদ্যোগে ‘বঙ্গবন্ধু স্মারক বর্ষপঞ্জি’র মোড়ক উন্মোচন করা হয়।

বাংলাদেশ নিগৃহীত অনার্স-মাস্টার্স শিক্ষক পরিষদের সভাপতি মো. ইমদাদুল হক মিলন বলেন, বৈধভাবে নিয়োগ পাওয়া প্রায় সাড়ে ৫ হাজার শিক্ষককে দীর্ঘ ২৮ বছরেও এমপিওভুক্ত করা হয়নি। এ সমস্যা সমাধান প্রত্যাশায় জাতীয় বিশ্ববিদ্যালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের দ্বারা হলে কোনো লাভ হয়নি। শিক্ষকদের পদ জনবল কাঠামোতে অন্তর্ভুক্ত না থাকাকে দায়ী করে পাশ কাটানো হয়েছে। মন্ত্রণালয়ের দায়িত্বশীল কর্মকর্তারা এ বিষয়টি নিয়ে কখনো ভেবেও দেখেননি।

সংগঠনের সাধারণ সম্পাদক মিল্টন ম-ল বলেন, বেসরকারি কলেজে অনার্স-মাস্টার্স স্তর উঠিয়ে দেওয়ার আগে আমাদের বিশেষ ব্যবস্থায় এমপিওভুক্ত করা হোক। অন্যথায় ৩১৫টি কলেজকে জাতীয়করণ করে নেওয়া হোক। মানববন্ধনে বিভিন্ন এলাকা থেকে অনার্স-মাস্টার্স স্তরের শিক্ষকরা উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : [news@dainikamadershomoy.com](mailto:news@dainikamadershomoy.com), [editor@dainikamadershomoy.com](mailto:editor@dainikamadershomoy.com)